ঝিনাইদহ এলজিইডি’র রাস্তার কার্পেটিং কাজে নিম্নমানের সামগ্রী ব্যবহার

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ছালাভরা থেকে পান্নাতলা এলজিইডির রাস্তা নির্মাণে নজিরবিহীন অনিয়মের অভিযোগ উঠেছে। নিম্নমাণের নির্মাণ সামগ্রী ব্যবহার ও বিটুমিন পরিমাণে কম দেওয়া হচ্ছে। সিডিউল অনুযায়ী কোনো কাজ হচ্ছে না। রাস্তার কার্পেটিং কাজ শেষ না হতেই রাস্তার বিভিন্ন স্থানে কার্পেটিং উঠে ও রাস্তা দেবে গেছে।

কিন্তু এ ব্যাপারে উদাসীন রয়েছেন কালীগঞ্জ এলজিইডি প্রকৌশলী আবুল কালাম আজাদ। এসব কারণে রাস্তা নিয়ে কয়েক গ্রামের মানুষ বিক্ষুব্ধ হয়ে উঠেছে। উপজেলার সুন্দরপুর-দূর্গাপুর ইউনিয়নের ছালাভরা থেকে পান্নাতলা বাজার পর্যন্ত ২হাজার ৮শ ৫০ মিটার রাস্তার কাজের মুল্য ধরা হয়েছে ২ কোটি ৯লক্ষ ৫শ ৫টাকা। রাস্তায় নিম্নমানের বিটুমিন দিয়ে কার্পেটিং কাজ করা হচ্ছে। তাছাড়া রাস্তায় পিচ ঢালার পূর্বে ভালোভাবে পরিস্কার করা হচ্ছে না, মাটির উপরেই পিচ ঢেলে রুলার করা হচ্ছে।

জানা গেছে, বরেন্দ্র ইন্টারন্যাশনাল নামের ঠিকাদারি প্রতিষ্ঠানের মাধ্যমে কাজটি করছেন রুনু কাজী নামের এক প্রভাবশালী ঠিকাদার। সরেজমিনে গিয়ে দেখা যায়, কাঁদা-মাটি পড়ে রাস্তায় খোয়ার অস্তিত্ব প্রায় হারিয়ে গিয়েছে। তারপরেও গত কয়েকদিন পূর্ব থেকে রাস্তা ভাল ভাবে পরিস্কার না করে তার ওপর কার্পেটিং কাজ শুরু করা হয়েছে। এতে রাস্তার কার্পেটিং কাজে অনিয়মের অভিযোগ তোলে এলাকাবাসি। নাম প্রকাশে অনিচ্ছুক একাধিক ব্যাক্তি জানান, আমরা প্রতিবাদ করলে আমাদের বিভিন্ন ভাবে হুমকি-ধামকি দেওয়া হচ্ছে। যে কারণে নিম্নমাণের কাজ হলেও তারা আর কোনো প্রতিবাদ করতে সাহস পাচ্ছেন না।

এলাকাবাসিরা আরো জানান, কার্পেটিংয়ে নিম্নমাণের বিটুমিন ব্যবহার, পিচ পাথর পরিমানে কম দেওয়া ও রাস্তা ভালো ভাবে পরিস্কার না করে মাটির উপরেই পিচ ঢেলে রুলার করা হচ্ছে। যেকারণে কার্পেটিং কাজের পরের দিন থেকেই কার্পেটিং উঠে যাচ্ছে। ফলে এই